বর্ধমান চলচ্চিত্র চর্চা কেন্দ্র

শম্ভুবাগ মুক্তমঞ্চ, ১ নং খালুইবিল মাঠ
পূর্ব বর্ধমান

২৮ তম বার্ষিক সাধারণ সভা

২১ আগষ্ট, ২০২১ শনিবার
শম্ভুবাগ মুক্তমঞ্চ, পূর্ব বর্ধমান

সম্পাদকীয় প্রতিবেদন



শোক প্রস্তাব

গত ১২ ডিসেম্বর, ২০২০ তারিখে মুক্তমঞ্চে অনুষ্ঠিত বর্ধমান চলচ্চিত্র চর্চা কেন্দ্রের ২৭ তম বার্ষিক সভার পর থেকে আজ পর্যন্ত চলচ্চিত্র শিল্পের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যুক্ত ব্যক্তি ও অন্যান্য সাংস্কৃতিক ক্ষেত্রের যে সমস্ত বিশিষ্ট মানুষদের আমরা হারিয়েছি তাদের আমরা পরম ব্যথিতচিত্তে স্মরণ করছি। আমাদের ছেড়ে চলে গেছেন খ্যাতনামা চলচ্চিত্র পরিচালক বুদ্ধদেব দাশগুপ্ত। আমরা চিরতরে হারিয়েছি বিশিষ্ট কবি, প্রাবন্ধিক শঙ্খ ঘোষকে। কিংবদন্তী অভিনেতা দিলীপ কুমার, অভিনেত্রী স্বাতীলেখা সেনগুপ্ত, চিত্রনাট্যকার পরিচালক রাজ কৌশল, অভিনেতা রাজীব কাপুর, অভিনেতা ইন্দ্রজিৎ দেব, অভিনেত্রী সুরেখা সিক্রী, অভিনেত্রী শশীকলা, পরিচালক সাগর ফারহাদি, অভিনেতা কিশোর নন্দলাকর, বাংলাদেশী অভিনেত্রী কবরী সারোয়ার, অভিনেতা অমিত মিস্ত্রী, বীরা সাথিদার, সুরকার বনরাজ ভাটিয়া, সুরকার রাম লক্ষণকে আমরা চিরতরে বিদায় দিয়েছি। প্রয়াত হয়েছেন প্রাক্তন পৌরপতি স্বরূপ দত্ত মহাশয়। গত ৯ ই মে আমাদের ছেড়ে চলে গেছেন বর্ধমান চলচ্চিত্র চর্চা কেন্দ্রের অন্যতম প্রতিষ্ঠাতা ও প্রাক্তন সম্পাদক বিভাসরঞ্জন দাস।

এছাড়া অতিমারীর দ্বিতীয় ধাক্কায় গোটা দুনিয়া জুড়ে প্রাণ হারিয়েছেন অগণিত মানুষ ও বহু কোভিড যোদ্ধা। প্রাকৃতিক দুর্যোগ ইয়াশের হানায় প্রাণ হারিয়েছেন বহু মানুষ।

বর্ধমান চলচ্চিত্র চর্চা কেন্দ্রের এই বার্ষিক সাধারণ সভা তাঁদের সকলের স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করছে এবং প্রয়াতদের শোকসন্তপ্ত পরিবারবর্গ ও বন্ধু বান্ধবদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

শ্রদ্ধেয় সভাপতিমণ্ডলী ও অধিবেশনে উপস্থিত বর্ধমান চলচ্চিত্র চর্চা কেন্দ্রের সম্মানীয় সদস্যবৃন্দ,

''কে জানে ক'ঘন্টা / পাবে রে জীবনটা'' — 'সোনার খাঁচা' সিনেমার এই গান জীবনের যে চরম সত্যকে প্রকাশ করেছিল, তার যেন ব্যবহারিক প্রয়োগ আমরা দেখলাম গত দেড় বছরে। ২০২০'র পর ২০২১ — এক চরম আতঙ্ক যেন গেয়ে উঠেছে — 'জীবনে এইটুকু বেলা / সবই যে বেপরোয়া খেলা'। জীবনটাকে এইটুকু বেলা করে দিল এক ক্ষুদ্রাতিক্ষুদ্র ভাইরাস। নতুন রূপে নতুন শক্তিতে বলীয়ান হয়ে এ বছরও সে জীবনের সব আনন্দ, হাসি, সুখকে ম্লান করে দিয়েছে। আপনজনকে শেষ বারের জন্য দেখার বা চোখের জল ফেলার সুযোগটুকুও দেয় নি। এমনকি যেখানে সংসারের সব অহংকার, দর্প, ক্ষমতা ভেঙে চুরমার হয়ে হরিপদ কেরানী ও আকবর বাদশাকে একাসনে বসিয়ে দেয় — সেই শ্মশানভূমিকেও আলাদা করে দিয়েছে। করোনা কবলিতদের শেষকৃত্য, প্রেতকৃত্যও আলাদা! আমরা জীবন দিয়ে জীবনের মূল্য বুঝলাম। করোনা একটা আয়নার মতো দাঁড়িয়ে আমাদের মনুষ্যত্বের পরীক্ষা নিয়ে যাচ্ছে— এবং হয়তো যাবেও।

তবু মাভৈঃ বলে কাজে নামতে হয়। সেইজন্যই এই বার্ষিক সাধারণ সভা। বুঝে গেছি মারী নিয়েই ঘর করতে হবে। আত্ম পর, বহু মানুষকে হারিয়েছি, যাঁদের স্মৃতি আমাদের কর্মধারাকে এগিয়ে নিয়ে যাবে।

বিগত বছর আমরা ছোট আকারে হলেও তিনদিনের জন্য ২২তম বর্ধমান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের আয়োজন করেছিলাম সংস্কৃতি লোকমঞ্চে, ১৯-২১ ফেব্রুয়ারী। এই চলচ্চিত্র উৎসবের উদ্বোধন করেন চলচ্চিত্র পরিচালক অনুমিতা দাশগুপ্ত। তাঁর পরিচালিত ছবি 'বহমান' দিয়ে উৎসবের শুভ সূচনা হয়। এই উৎসবে 'সোনার বরণ পাখি' (ভারত), 'ইতি তোমারই ঢাকা' (বাংলাদেশ), 'Rainbow Island' (Iran), Swimming (জার্মানি) প্রদর্শিত হয়। দীর্ঘ দিনের ব্যবধানে এই তিনদিনের চলচ্চিত্র উৎসবে আশাব্যঞ্জক উপস্থিতি আমাদের উৎসাহ দিয়েছে। আমরা হারিয়েছি কিংবদন্তী অভিনেতা শ্রী সৌমিত্র চট্টোপাধ্যায়কে। বাংলা চলচ্চিত্র, নাট্য ও সংস্কৃতি জগতে তাঁর অবদান নতুন করে বলার অপেক্ষা রাখে না। তাঁকে স্মরণ করা আমাদের দায়িত্ব ও কর্তব্য। তাই গত ১৯ জানুয়ারী ২০২১ একটি স্মরণ সভার আয়োজন করা হয়।

প্রকাশনা :— চলচ্চিত্র উৎসব উপলক্ষ্যে বিগত বছরগুলির ন্যায় এবছরও ছায়াচিত্রের বিশেষ সংখ্যা প্রকাশিত হয়েছিল।

সংগঠন :— বিগত বছরে যে কটি কর্মসূচী পালিত হয়েছে তাতে কর্মসমিতির সদস্যরা এই পরিস্থিতিতেও যথেষ্ট সাহসিকতার সাথে তাদের দায়িত্ব পালন করেছেন।

সদস্য সংখ্যা :— বিগত বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুসারে ২০১৯-২০ বর্ষে যারা সদস্য ছিলেন তাদের সদস্যপত্রের মেয়াদ ২০২০-২১ বর্ষেও বর্ধিত করা হয়েছিল।

আয়-ব্যয় :— গত বছর চলচ্চিত্র উৎসব উপলক্ষ্যে বিজ্ঞাপন ছাড়া আর কোন আয় হয়নি। আগামী দিনে আর্থিক দুরবস্থা কাটিয়ে কিভাবে সংস্থার কাজকর্ম স্বাভাবিকভাবেই পরিচালিত হবে তা যথেষ্ট চিন্তার বিষয়। আয়-ব্যয় সংক্রান্ত বিস্তারিত বিবরণ সংস্থার কোষাধ্যক্ষ আপনাদের কাছে পেশ করবেন

কৃতজ্ঞতা :— এই পরিস্থিতিতেও যারা আমাদের কর্মসূচী রূপায়নের জন্য সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন তাদের কৃতজ্ঞতা জানাই। কৃতজ্ঞতা জানাই ফেডারেশন অফ ফিল্ম সোসাইটিজ অফ ইন্ডিয়াকে (পূর্বাঞ্চল)। আর ধন্যবাদ জানাই আপনাদের। আপনাদের সহযোগিতাতেই আমরা সমস্ত সমস্যা নিশ্চয়ই কাটিয়ে তুলব।

করোনা আমাদের দশ জনকে দশ দিকে বিচ্ছিন্ন করে দিলেও কর্মপ্রেরণা আমাদেরকে মনের দিক থেকে এক করে রেখেছে। তাই আমরা ঊর্ণাময়িক (Virtual) আলোচনাচক্রের মাধ্যমে সংযুক্ত— মনে ও ভাবে, আবার আমরা এই new normal বা নব-স্বাভাবিকতার মধ্যেই কর্মের রথ জীবনের পথে এগিয়ে নিয়ে যেতে পারব— এই আশা রেখে প্রতিবেদন শেষ করছি।

ধন্যবাদান্তে
বাপ্পাদিত্য দাঁ
সম্পাদক, বর্ধমান চলচ্চিত্র চর্চা কেন্দ্র

২১ ডিসেম্বর, ২০২১
শম্ভুবাগ মুক্তমঞ্চ
বর্ধমান

BARDHAMAN CHALACHITRA CHARCHA KENDRA

MUKTAMANCHA, 1 NO. KHALUIBIL MATH, BURDWAN - 713101

RECEIPTS AND PAYMENTS ACCOUNT from 1.4.2020 to 31.03.2021 (2020 – 2021)

RECEIPTS (Dr.)			PAYMENTS (Cr.)		
To Opening Balance as per Cash Book as on 1.4.2020			By Printing & Stationery	Rs.	1077.00
			By Purchase of DVD, Journals etc.	Rs.	968.00
Cash in hand Rs. 16,874.00			By Bank Charges	Rs.	75.96
Cash at Bank Rs. 93,456.46	Rs.	1,10,330.46	By Office Expenses	Rs.	961.00
			By Expenses for AGM(2019-2020)	Rs.	4,357.00
			By Exp. for Renewal of Society Regn.	Rs.	600.00
To Members' Subscription 21-22	Rs.	26,520.00	By Exp. for remembrance of Soumitra	Rs.	5,808.00
			By Exp. for Int. & other Film Festivals	Rs.	53,945.00
To Interest from Savings Bank A/C	Rs.	2,838.00	By Purchase of Cell phone	Rs.	1,750.00
			By Refreshment Expenses	Rs.	1,439.00
To Donation / Sponsorship for BIFF – 2019	Rs.	10,000.00	By Exp. related to website/cell phone etc.	Rs.	3,756.00
			By Audit Fees(2019-20)	Rs.	1,000.00
To Advt. / Income from Int. Film Festival	Rs.	43,000.00	By Office rent	Rs.	18,000.00
			By Conveyance	Rs.	300.00
To Income from donation, sponsorship etc. for different programmes	Rs.	9,000.00	By FFSI Subscription	Rs.	1,600.00
			BY Repair & Maint. of office furniture	Rs.	3,470.00
				Rs.	99,106.96
			By Closing Balance as per Cash Book as on 31.3.2021		
			Cash in hand Rs. 12,943.00		
			Cash at Bank Rs. 89,638.50	Rs.	1,02,581.50
GRAND TOTAL	Rs.	2,01,688.46		Rs.	2,01,688.46

এই বিবরণী মেসার্স মদন রায় এন্ড কোং কর্তৃক নিরীক্ষিত ও গত ২০.০৬.২০২১ তারিখে কার্যকরী সমিতির সভায় উপস্থাপিত ও গৃহীত।

ড. ষোড়শীমোহন দাঁ — সভাপতি
সুজিৎ চট্টোপাধ্যায় — কোষাধ্যক্ষ
বাপ্পাদিত্য দাঁ — সম্পাদক